ফোন নং : 03222266602

# পশ্চিমবঙ্গ সরকার
# জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ
# পশ্চিম মেদিনীপুর

## দাসপুর - 1 ব্লকের খাস / আংশিক খাস মীনাধারগুলির বন্দোবস্তের জন্য দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি নং 16/2022-23.

| ক্রমিক নং | ঘটনাপঞ্জী | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| 1 | প্রকাশনার তারিখ | 03/01/2023 | বিকাল 5:00 টা | |
| 2 | দরপত্র জমা করার শুরুর তারিখ | 04/01/2023 | বেলা 11:00 টা | সংশ্লিষ্ট সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে অথবা জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে। (সরকারী ছুটির দিন ব্যতীত) |
| 3 | দরপত্র জমা করার শেষ তারিখ | 20/01/2023 | বিকাল 5:00 টা | |
| 4 | টেন্ডার খোলার তারিখ | 24/01/2023 | বেলা 1:00 টা | জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে। |

এতদ্বারা নিবন্ধিকৃত পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্যচাষাদি কাজের সাথে যুক্ত, তাহাদের পরিচালন কর্তৃপক্ষগণকে এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থাকে জানানো যাইতেছে যে, অত্রসহ তালিকাভূক্ত মীনাধারগুলি (তপসিল ক) 03 (তিন) বছরের জন্য বার্ষিক 5 শতাংশ লীজ রেন্ট বৃদ্ধির ভিত্তিতে জলকর বন্দোবস্ত দেওয়ার জন্য নিম্নলিখিত শর্তাবলীর সাপেক্ষে উল্লিখিত দিন ও সময়ে দরপত্র আহ্বান করা হইতেছে।

উল্লিখিত বন্দোবস্তের জন্য নিবন্ধীকৃত পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎসজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদকগোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত, তাহাদের পরিচালন কর্তৃপক্ষগণকে এবং মৎস্যদপ্তরের অধিনস্থ সংস্থার কাছে এই দপ্তরের 25/02/2016 তারিখের 757 /LP /1A-4 /2012 নং নোটিফিকেশন অনুযায়ী অদ্যাবধি সংশোধিত 1991 খৃষ্টাব্দের পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার নির্দেশিকায় বর্ণিত সরকারী মীনাধার বন্দোবস্ত সম্পর্কিত সংশ্লিষ্ট আইন / ধারা অনুসারে, মাননীয় পশ্চিম মেদিনীপুর জেলা সমাহর্তার আদেশানুসারে এবং ভূমি ও ভূমি সংস্কার এবং উদ্বাস্তু ত্রাণ ও পূর্ণবাসন দপ্তর, পশ্চিমবঙ্গ এর পত্র নং 1172/(2)-GE(M)/1F-09/2020 তারিখ 25/03/2022 অনুযায়ী দরপত্র প্রদানের জন্য আহ্বান জানানো যাইতেছে।

প্রাসঙ্গিক নথিপত্রগুলি (নিম্ন তালিকাভূক্ত) দরপত্র প্রদানের নথিপত্রের সঙ্গে জমা করিতে হইবে। প্রতিটি মীনাধারের ক্ষেত্রে উল্লিখিত নূন্যতম ধার্য মূল্যের (Reserve Price) 10 শতাংশ পরিমান অর্থ আর্নেষ্ট মানি জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, পশ্চিম মেদিনীপুর (District Land & Land Reforms Officer, Paschim Medinipur) এর অনুকুলে সম্পাদিত ব্যাঙ্কড্রাফট মেদিনীপুর শহরে প্রাপ্তব্য (Payable at Medinipur) এর মাধ্যমে জমা দিতে হইবে। সর্বোচ্চ দরপত্র প্রদানকারীকে বন্দোবস্ত দেওয়া হইবে।

টেন্ডারে অংশগ্রহণকারী সকলকে তাদের যোগ্যতা প্রমানের স্বপক্ষে প্রদত্ত নথির আসল (Original) কপি, যখন দরকার হবে এবং চাওয়া হবে তখনই পেশ করতে হবে।

## -: তালিকা :-

| কার্য বিবরণী | বিস্তারিত |
|---|---|
| **দাসপুর - 1** ব্লকের 1 টি সরকারী মীনাধারের বন্দোবস্ত | 'ক' তপশীল বর্ণিত সরকারী মীনাধারগুলি 03 (তিন) বছরের বন্দোবস্তের জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে। বন্দোবস্ত গ্রহনে ইচ্ছুক পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত, তাহাদের পরিচালন কর্তৃপক্ষগণকে এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থার প্রতিনিধির নিকট হইতে **10 (দশ) টাকা কোর্ট ফি** সংযুক্ত দরখাস্ত মুখবন্ধ খামে সীলকরা দরপত্র আহ্বান করা হইতেছে। |
| চুক্তির মেয়াদ (Lease Period) | 03 (তিন) বছর। |
| নীলাম আহ্বায়ক | সরকারী মীনাধার বন্দোবস্ত কমিটির পক্ষে জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, পশ্চিম মেদিনীপুর । |
| নীলামে অংশগ্রহণকারীর যোগ্যতা | নিবন্ধিকৃত সক্রিয় পশ্চিম মেদিনীপুর জেলার প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত এবং মৎস্য দপ্তেরর অধিনস্থ সংস্থার যথেষ্ট উদ্যোগ ও সাংগঠনিক প্রসারতা, অর্থনৈতিক স্বাচ্ছন্দ এবং সুনাম থাকা আবশ্যক। |
| আর্নেষ্ট মানি জমা দেওয়ার পদ্ধতি | টেন্ডারে অংশগ্রহণকারী নিবন্ধিকৃত পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত, তাহাদের পরিচালন কর্তৃপক্ষগণকে এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থার প্রতিনিধিকে জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, পশ্চিম মেদিনীপুর (District Land & Land Reforms Officer, Paschim Medinipur) এর অনুকুলে সম্পাদিত ব্যাঙ্কড্রাফট মেদিনীপুর শহরে প্রাপ্তব্য (Payable at Medinipur) এর মাধ্যমে জমা দিতে হইবে। |
| দরপত্র সংক্রান্ত নথিপত্র | 1) **সংবিধিবদ্ধ নথিপত্র (Statutory Documents):-**<br>ক) আর্নেষ্ট মানি জমা সংক্রান্ত ব্যাঙ্কড্রাফট (প্রতিটি সরকারী মীনাধারের ক্ষেত্রে প্রদর্শিত নূন্যতম Economic Lease rent এর 10 শতাংশ।)<br>খ) সংস্থার দাবীর স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত রেজিষ্ট্রেশন সার্টিফিকেট (স্বপ্রত্যয়িত) ইত্যাদি, যাহা প্রযোজ্য।<br>গ) শেষ পাঁচ বছরের আয়কর দাখিল সংক্রান্ত নথিপত্র।<br>ঘ) ভোটার কার্ড / আধার কার্ড / প্যান কার্ডের ফটোকপি।<br>ঙ) ব্যাঙ্ক এর পাস বই এর স্ব-প্রত্যয়িত ফটোকপি।<br>2) **অ-সংবিধিবদ্ধ নথিপত্র (Non – Statutory documents):-**<br>শেষ তিন বছরের আয়-ব্যায়ের হিসাব (উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা শংসিত অডিট রিপোর্ট।) |

| শর্তাবলী / গুরুত্বপূর্ণ নির্দেশাবলী | |
|---|---|
| | 1) দরপত্রে দরপত্র দাখিলকারী জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতির, মৎস্য উৎপাদক গোষ্ঠীর, স্বনির্ভর গোষ্ঠীর (SHG) এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থার নেতা বা নেত্রীর স্বাক্ষর ও সীলমোহর লাগাইতে হইবে এবং রেজিস্ট্রেশন নম্বর লিখিতে হইবে। সমিতি / গোষ্ঠির নাম, ঠিকানা পিনকোড সহ ফোন নং স্পষ্ট ও সম্পূর্ণভাবে লিখিতে হইবে। |
| | 2) খামের উপরে সমিতির / গোষ্ঠির সীলমোহর লাগাইতে হইবে ও সংশ্লিষ্ট জলাধারের বিবরণ (ব্লকের নাম, দাগ নং, মৌজা ও জে এল নং) লিখিতে হইবে। |
| | 3) প্রতিটি জলাধারের জন্য ন্যূনতম 3 (তিন) টি বৈধ দরপত্র জমা না পড়িলে, পুনরায় দরপত্র আহ্বান করা হইবে। দরপত্র অবশ্যই সংরক্ষিত মূল্যের অধিক হইতে হইবে, নতুবা উক্ত দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। দরপত্র দরের পরিমান অংকে ও কথায় উল্লেখ করিতে হইবে। |
| | 4) সর্বোচ্চ দর আশানুরূপ না হইলে নিম্ন স্বাক্ষরকারী পুনরায় দরপত্র আহ্বান করিতে পারিবেন। |
| | 5) দুই বা ততোধিক সমিতি/ গোষ্ঠি যুগ্ম নামে দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবেন না। |
| | 6) নিবন্ধীকৃত সক্রিয় পশ্চিম মেদিনীপুর জেলার প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিত, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহাদের মৎস্য চাষাদি কাজের সাথে এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থার যথেষ্ট উদ্যোগ ও সাংগঠনিক প্রসারতা, অর্থনৈতিক স্বাচ্ছন্দ এবং সুনাম থাকা আবশ্যক। |
| | 7) অংশগ্রহণকারী, নিবন্ধীকৃত, পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থাকে সরকারী নিয়মাবলী অবশ্যই মানিয়া চলিতে হইবে। |
| | 8) মীনাধারগুলি বন্দোবস্ত দেওয়ার জন্য সরকারী নূন্যতম ধার্য অর্থমূল্য অত্র সংলগ্ন তালিকায় (তপশীল ক) উল্লেখ করা হইল। |
| | 9) নূন্যতম ধার্য মূল্যের 10 শতাংশ পরিমান অর্থ আর্নেষ্ট মানি হিসাবে জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, পশ্চিম মেদিনীপুর (District Land & Land Reforms Officer, Paschim Medinipur) এর অনুকুলে সম্পাদিত ব্যাঙ্কড্রাফট মেদিনীপুর শহরে প্রাপ্তব্য (Payable at Medinipur) এর মাধ্যমে জমা দিতে হইবে। |
| | 10) **ক)** টেন্ডার অনুযায়ী নিরুপিত সর্ব্বোচ্চ বৈধ দরের 25 শতাংশ অর্থ সর্ব্বোচ্চ দরদাতাকে বন্দোবস্তের সময় সরকারের অনুকূলে জমা দিতে হইবে এবং লীজ রেন্টের বকেয়া সমূদয় অর্থ পরবর্তী 03 (তিন) মাসের মধ্যে কেবলমাত্র এক কিস্তিতে অবশ্যই প্রদান করিতে হইবে। সর্বোচ্চ দর প্রদানকারীকে কমিটি কর্তৃক অনুমোদিত হওয়ার পরবর্তী 15 (পনের) দিনের মধ্যে চুক্তিপত্র সম্পাদন ও নিজ খরচে চুক্তিপত্র (Lease Deed) রেজিষ্ট্রী করিতে হইবে। অন্যথায় সর্বোচ্চ সফল বৈধ দরদাতার প্রদত্ত আর্নেষ্ট মানি বাজেয়াপ্ত হইবে। 03 (তিন) মাসের মধ্যে প্রথম বছরে লিজ রেন্টের সমুদয় অর্থ প্রদান |

| | |
|---|---|
| শর্তাবলী/ গুরুত্বপূর্ণ নির্দেশাবলী | করা না হইলে সংশ্লিষ্ট সর্বোচ্চ দরদাতার উক্ত বন্দোবস্ত তৎক্ষনাৎ বাতিল **(Stand Cancelled)** করা হইবে। এই রূপ বাতিলকৃত দরপত্র প্রদানকারী পুনরায় দরপত্র প্রদান করিতে পারিবেন না ।<br><br>**খ)** পরবর্তী বছরগুলির ক্ষেত্রে (বাংলা বছর) বছর শুরু হইবার পূর্বেই সেই বছরের লিজ রেন্টের সমূদয় অর্থ [05 (পাঁচ) শতাংশ বর্ধিত হারে (প্রতি বৎসর) বন্দোবস্তের অর্থ] জমা দিতে হইবে। অন্যথায় এক মাসের নোটিশে উক্ত বন্দোবস্ত (লিজ) বাতিল হইবে এবং সেই খাতে প্রদত্ত আর্নেষ্ট মানি বাজেয়াপ্ত হইবে।<br><br>অধিকন্তু, সেইসব ক্ষেত্রে সর্বোচ্চ দরদাতার দরপত্র বাতিল হইলে দ্বিতীয় সর্বোচ্চ বৈধ দরপ্রদানকারী যদি ইচ্ছুক হন তাহলে অবশিষ্ট বছরগুলির জন্য প্রথম সর্বোচ্চ বৈধ দরদাতা কর্তৃক প্রদত্ত দরেই বন্দোবস্ত (লিজ) লইবেন (1ম বছর, 2য় অথবা 3য় বছর যে কোনো ক্ষেত্রেই) এবং মীনধারগুলিতে মৎস্যচাষ সংক্রান্ত কার্যাবলী একই শর্তাবলীতে চালাইয়া যাইবেন । (একই নিয়ম ও পদ্ধতি তৃতীয় ও পরবর্তী সকল সর্বোচ্চ বৈধ দরপত্র প্রদানকারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে ।)<br><br>**11)** কালো তালিকাভুক্ত সমিতি/ গোষ্ঠি অথবা যে সমস্ত সমিতি / গোষ্ঠির দরপত্র গ্রহণ উর্দ্ধতন কর্তৃপক্ষের দ্বারা সাময়িক ভাবে নিষিদ্ধ হয়েছে অথবা যে সমস্ত সমিতি / গোষ্ঠির পূর্বেই দেয় রাজস্ব দরপত্র গ্রহণের তারিখ পর্যন্ত পরিশোধ হয় নি, তারা দরপত্র দাখিল করিতে পারিবেন না বা দাখিল করিলেও তা গ্রাহ্য হইবে না।<br><br>**12)** উপযুক্ত কর্তৃপক্ষ কোনোরূপ কারন না দর্শাইয়া সরকারী মীনাধারগুলির সম্পূর্ণ টেন্ডার পদ্ধতি স্থগিত, বাতিল বা গ্রহণ করিতে পারিবেন।<br><br>**13)** সরকার কর্তৃক বন্দোবস্তটি অনুমোদিত হইলে মীনাধার বন্দোবস্তের জন্য সর্ব্বোচ্চ বৈধ দর প্রদানকারী নিবন্ধিকৃত পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎসজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্টী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্যচাষাদি কাজের সাথে যুক্ত এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থাকে সরকারের সহিত লিখিত চুক্তিতে আবদ্ধ হইতে হইবে।<br><br>**14)** টেন্ডারে অংশগ্রহণ করিবার পূর্বে নিবন্ধীকৃত পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থাকে (যদি প্রযোজ্য হয়) জলকর বাবদ সমস্ত বকেয়া পাওনা পরিশোধের সপক্ষে নথি পেশ করিতে হইবে, অন্যথায় নীলামে অংশগ্রহণ করিবার জন্য উপযুক্ত বিবেচিত হইবে না।<br><br>**15)** সমস্ত নিবন্ধীকৃত পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিত, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থার কর্তৃপক্ষগণকে সমস্ত আইন ও প্রচলিত বিধিনিষেধ মানিয়া চলিতে হইবে এবং কোনো মীনাধার বা জলকর সাব লীজ করা যাইবে না।<br><br>**16)** টেন্ডারে অংশগ্রহণ করাকেই জলকরের বন্দোবস্তের অনুমোদনের ক্ষেত্রে একমাত্র যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে না। সমস্ত নিবন্ধীকৃত পশ্চিম মেদিনীপুর |

| | |
|---|---|
| শর্তাবলী / গুরুত্বপূর্ণ নির্দেশাবলী | জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থার গোপন অথবা অবৈধ্য অংশগ্রহণ সংক্রান্ত কোনোকিছু প্রকাশিত হইলে তৎক্ষনাৎ উক্ত দরপত্র বাতিল বলিয়া বিবেচিত হইবে।<br>**17)** প্রতি বছর, পরবর্তী বছর শুরু হইবার কমপক্ষে 30 দিন পূর্বে বন্দোবস্ত (লীজ) প্রাপকগণকে উক্ত মীনাধারের উৎপাদন সংক্রান্ত তথ্যাবলী সহ মৎস্য অধীকর্তা, পশ্চিম মেদিনীপুর এর দপ্তরে পেশ করিতে হইবে।<br>**18)** ইজারাপ্রাপ্ত জলাশয়ের চরিত্রের কোনরূপ ক্ষতি করা যাইবে না। পুকুরপাড়ের গাছ কাটা যাইবে না এবং জলাশয়ের ক্ষতিকারক কোনরূপ কার্যক্রম করা যাইবে না। মাছ চাষের সময় কালে ক্ষতিকারক কীটনাশক ব্যবহার করা যাইবেনা।<br>**19)** বন্দোবস্ত গ্রহণকারী সমিতি / গোষ্ঠি বা দল জলাধারটি অন্য কোন ব্যক্তি বা সংস্থাকে মাছ চাষের স্বত্ব প্রত্যক্ষ বা পরোক্ষভাবে হস্তান্তর করিতে পারিবেন না। যদি এইরূপ হস্তান্তর কর্তৃপক্ষের নজরে আসে অথবা সমিতি / গোষ্ঠি বা দল মাছ চাষ না করিয়া জলাধারটি পতিত ফেলিয়া রাখে, তাহা হইলে বন্দোবস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।<br>**20)** বন্দোবস্ত গ্রহণকারীরা চুক্তিপত্রের শর্তাবলী ও ইজারাকালের মধ্যে নুতন কোন শর্ত আরোপকৃত হলে তাহাও মেনে চলতে বাধ্য থাকিবেন।<br>**21)** চুক্তি দলিল সম্পাদনের তারিখ জলাধারের দখল প্রদানের তারিখ হিসাবে গণ্য হইবে । |

সংযুক্তি : 1) জলাধার / পুকুরের তালিকা (1 পাতা)
2) দরপত্র প্রদানের আবেদনপত্রের খসড়া (1 পাতা)

তাং – 03/01/2023

সরকারী মীনাধার বন্দোবস্ত কমিটির পক্ষে
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
পশ্চিম মেদিনীপুর

স্মারকনং......26 (22)......./ই/সইরতি/ তারিখ 03/01/2023

অনুলিপি জ্ঞাতার্থে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল :-

1) মাননীয় জেলা সমাহর্তা, পশ্চিম মেদিনীপুর ।

2) মাননীয় আরক্ষাধ্যক্ষ্য, পশ্চিম মেদিনীপুর।

3) মাননীয় সচিব, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ, জেলা পরিষদের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য।

4) মাননীয় কর্মাধ্যক্ষ, বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ ।

5) মাননীয় কর্মাধ্যক্ষ, মৎস্য ও প্রানী সম্পদ বিকাশ স্থায়ী সমিতি পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ ।

6) মাননীয় সহসীনাধিকর্তা, পশ্চিম মেদিনীপুর।

7-9) মাননীয় মহকুমাশাসক, সদর / খড়্গপুর / ঘাটাল।

10-12) মাননীয় মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, সদর / খড়্গপুর / ঘাটাল।

13) মাননীয় সমবায় সমিতি সমুহের নিয়ামক, পশ্চিম মেদিনীপুর।

14) মাননীয় সভাপতি, **দাসপুর - 1** পঞ্চায়েত সমিতি ।

15) মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক **দাসপুর - 1** এই নোটিশের প্রতিলিপি মৎস ও প্রাণী সম্পদ বিকাশ স্থায়ী সমিতির কর্মাধক্ষের নিকট পাঠানোর ও মৎস সম্প্রসারণ আধিকারিকদের জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে।

16) মাননীয় সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, **দাসপুর - 1** এই নোটিশের প্রতিলিপি সমস্ত রাজস্ব পরিদর্শকের করনে পাঠানোর জন্য এবং দরপত্র গ্রহনের জন্য সীলকরা বাক্স তাহার করনে রাখার জন্য অনুরোধ করা হচ্ছে। দরপত্র পরীক্ষা ও সর্বোচ্চ দরপত্র গ্রহণ এর দিন অর্থাৎ **ইং 24/01/2023** তারিখ **বেলা 12:00** ঘটিকায় দরপত্র গ্রহণের সীলকরা বাক্স সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে।

17) মাননীয় জেলা তথ্য ও পরিসংখ্যান আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।

18) মাননীয় ডি. আই. ও., এন. আই. সি.. জেলা ওয়েব-সাইট- এর মাধ্যমে প্রকাশ করার জন্য।

19) মাননীয় জেলা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক, পশ্চিম মেদিনীপুর- 1টি স্থানীয় ও 1টি রাজ্যস্তরের দৈনিক সংবাদপত্রে সংযুক্ত বিজ্ঞপ্তিটি প্রকাশ করার জন্য।

20) মাননীয় সুপারিনটেনডেন্ট, মেদিনীপুর প্রধান পোষ্ট অফিস।

21) মাননীয় রেলওয়ে ষ্টেশন ম্যানেজার, মেদিনীপুর / খড়্গপুর।

22) মাননীয় কার্যনির্বাহী সহায়ক, নেজারথ বিভাগ, জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ, পশ্চিম মেদিনীপুর।

তাং - 03/01/2023

জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
পশ্চিম মেদিনীপুর

# তপশীল--ক

মীনাধারের তালিকা

মহকুমা - ঘাটাল

ব্লক: দাসপুর - 1

| ক্রমিক নম্বর | মৌজা / জে. এল. নং | হাল দাগ নং | জলাভূমির আয়তন (একর) | জলাধারের সংরক্ষিত মূল্য (টাকায়) | আর্নেষ্ট মানি (টাকায়) | লিজের সময়সীমা |
|---|---|---|---|---|---|---|
| 1 | সুপাপুড়সুড়ী – 001 | 2405 | 7.08 | 95,500.00 | 9,550.00 | তিন বছর |

তাং – 03/01/2023

সরকারী মীনাধার বন্দোবস্ত কমিটির পক্ষে
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
পশ্চিম মেদিনীপুর

# দরপত্র প্রদানের আবেদন পত্র-এর খসড়া

প্রতি
আহ্বায়ক
সরকারি জলাধারের ইজারা সংশ্লিষ্ট কমিটির পক্ষে
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক,
পশ্চিম মেদিনীপুর।

মাননীয় / মাননীয়া,

আমি শ্রী / শ্রীমতী ......................................................................................................
পিতা/ স্বামী......................................................................................................
ঠিকানা, গ্রাম :-......................................................................................................
ডাকঘর:-......................................................................থানা :- ..................................................
জেলা:-...................................................................... পিন নং:-.............................. মৎস্যজীবি সমবায় সমিতি/ গোষ্ঠির সম্পাদক/ দলনেতা/ দলনেত্রী নিম্নোক্ত জলাধার যাহার ব্লক .................................... মৌজা...................................................... জে. এল. নং,..........................দাগ নং.................................... ......................................................................................................আয়তন.......................................,
সংরক্ষিত মূল্য......................................................, উক্ত জলাধারটি আমি 3 (তিন) বৎসর মেয়াদী লীজ বন্দোবস্ত পাইতে আগ্রহী। দরখাস্তের সহিত জমাকৃত 10 (দশ) শতাংশ .................................................. টাকার ব্যাংক ড্রাফট জমা দিলাম।

আমি বাৎসরিক ...................................... টাকার ................................................ ..........................................................................................(কথায়) দরপত্র জমা দিলাম।

আমাকে তিন বৎসর মেয়াদী লীজ বন্দোবস্ত প্রদান করিলে প্রথম বৎসর উক্ত সম্পূর্ন টাকা ও দ্বিতীয় বৎসর হইতে 5(পাঁচ) শতাংশ বর্ধিত হারে টাকা প্রদানের অঙ্গীকার করিতেছি।

আমি মেয়াদী বন্দোবস্ত বিষয়ে সরকারী নিয়মকানুন মানিয়া চলিব। আমার দেওয়া দরপত্র বিবেচনা করিয়া বাধিত করিবেন।

তাং..................................

বিনীত নিবেদক

স্বাক্ষরঃ

নাম:....................................................................
ঠিকানা::..............................................................
..........................................................................
মোবাইল নং- .......................................

সিলমোহরঃ